# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 05 July, 2025

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে রংপুর বিভাগের ৩৩টি সংসদীয় আসনে প্রার্থী তালিকা প্রকাশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।শুক্রবার (৪ জুলাই) সন্ধ্যায় রংপুর জিলা স্কুল মাঠে এক বিশাল জনসভায় এ তালিকা ঘোষণা করা হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দলটির আমির ডা. শফিকুর রহমান।

জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম উপস্থিত প্রার্থীদের নাম ঘোষণা করেন। এ সময় রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, পঞ্চগড়, দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী ও লালমনিরহাট জেলার সব আসনের প্রার্থীরা মঞ্চে উপস্থিত ছিলেন। প্রার্থীদের নাম ঘোষণার সঙ্গে সঙ্গে তারা দলের প্রতীক দাঁড়িপাল্লায় ভোট চেয়ে উপস্থিত নেতাকর্মীদের উদ্দেশে হাত নাড়েন।

ঘোষিত প্রার্থীরা হলেন:

রংপুর জেলা (৬টি আসন):

- রংপুর-১: অধ্যাপক রায়হান সিরাজী
- রংপুর-২: এটিএম আজহারুল ইসলাম
- রংপুর-৩: অধ্যাপক মাহবুবুর রহমান বেলাল
- রংপুর-৪: মাওলানা উপাধ্যক্ষ এটিএম আজম খান
- রংপুর-৫: গোলাম রাব্বানী
- রংপুর-৬: মাওলানা নূরুল আমিন

দিনাজপুর জেলা (৬টি আসন):

- দিনাজপুর-১: মতিউর রহমান
- দিনাজপুর-২: অধ্যক্ষ আফজাল হোসেন আনাম
- দিনাজপুর-৩: অ্যাডভোকেট মনিরুল আলম
- দিনাজপুর-৪: আবতাব উদ্দিন মোল্লা
- দিনাজপুর-৫: আনোয়ার হোসেন
- দিনাজপুর-৬: আনোয়ারুল ইসলাম

নীলফামারী জেলা (৪টি আসন):

- নীলফামারী-১: অধ্যক্ষ মাওলানা আব্দুর সাত্তার
- নীলফামারী-৩: ওবাইদুল্লাহ সালাফি
- নীলফামারী-৪: মাওলানা হাফেজ আব্দুল মুনতাকিম
  (নীলফামারী-২ আসনের প্রার্থী এখনো ঘোষণা করা হয়নি)

লালমনিরহাট জেলা (৩টি আসন):

- লালমনিরহাট-১: আনোয়ারুল ইসলাম
- লালমনিরহাট-২: অ্যাডভোকেট ফিরোজ হায়দার লাভলু
- লালমনিরহাট-৩: হারুনুর রশিদ

কুড়িগ্রাম জেলা (৪টি আসন):

- কুড়িগ্রাম-১: অধ্যাপক আনোয়ারুল ইসলাম
- কুড়িগ্রাম-২: অ্যাডভোকেট ইয়াসিন আলী
- কুড়িগ্রাম-৩: ব্যারিস্টার মাহবুবুল আলম সালেহী
- কুড়িগ্রাম-৪: মোস্তাফিজুর রহমান মোস্তাক

গাইবান্ধা জেলা (৫টি আসন):

- গাইবান্ধা-১: অধ্যাপক মাজেদুর রহমান
- গাইবান্ধা-২: আব্দুল করীম
- গাইবান্ধা-৩: অধ্যক্ষ মাওলানা নজরুল ইসলাম
- গাইবান্ধা-৪: ডা. আব্দুর রহিম সরকার
- গাইবান্ধা-৫: মুক্তিযোদ্ধা আব্দুল ওরেস

ঠাকুরগাঁও জেলা (৩টি আসন):

- ঠাকুরগাঁও-১: দেলোয়ার হোসেন
- ঠাকুরগাঁও-২: আব্দুল হাকিম
- ঠাকুরগাঁও-৩: মিজানুর রহমান

পঞ্চগড় জেলা (২টি আসন):

- পঞ্চগড়-১: ইকবাল হোসাইন

- পঞ্চগড়-২: শফিউল্লাহ শফি

জনসভায় জামায়াতে ইসলামী চার দফা দাবি তুলে ধরে –

১. জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে শহীদদের হত্যাকারীদের বিচার,

২. প্রয়োজনীয় সাংবিধানিক ও রাজনৈতিক সংস্কার,

৩. অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিতকরণ,

৪. গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে আনার প্রতিশ্রুতি।

দলটির আমির ডা. শফিকুর রহমান বলেন, "সুষ্ঠু নির্বাচনের জন্য কতগুলো মৌলিক সংস্কার অবশ্যই করতে হবে।আমরা সেইসব সংস্কারের কথা বলেছি এবং তা আদায় করেই ছাড়ব।"

তিনি আরও বলেন, "নির্বাচনকে কেন্দ্র করে যেকোনো ষড়যন্ত্র প্রতিহত করা হবে।আমরা কোনো প্রশাসনিক ক্যু, মাস্তানতন্ত্র কিংবা কালো টাকার খেলা সহ্য করব না।"

জামায়াত নেতারা সভায় জানান, তাদের এবারের নির্বাচনী প্রচার কার্যক্রমের মূল বার্তা হবে 'সংস্কার ছাড়া নির্বাচন নয়'।জনসভা ঘিরে দলের নেতাকর্মীদের মাঝে উৎসাহ ও উদ্দীপনা লক্ষ্য করা গেছে।

জামায়াত সংসদ নির্বাচন প্রার্থী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:41

URL: https://timestodaybd.com/public/rangpur/2312554269